

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩২.২০২১. ৩ন৩

তারিখ:

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সেলিম আল-মামুন (১৪৫৯৫), প্রভাষক (ইতিহাস), সরকারি ব্রজলাল কলেজ, খুলনা গত ০৬/১০/২০১৭ খ্রি. হতে ০৫/০২/২০২০ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছর ০৩ (তিন) মাস ২৯ (উনত্রিশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন। গত ২২/০২/২০২২ খ্রিস্টাব্দে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে জনাব সেলিম আল-মামুন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক জনাব সেলিম আল-মামুন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব সেলিম আল-মামুন (১৪৫৯৫), প্রভাষক (ইতিহাস), সরকারি ব্রজলাল কলেজ, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(১)(ঘ) অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" করার লঘুদণ্ড প্রদান করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিতিকাল ০২ (দুই) বছর ০৩ (তিন) মাস ২৯ (উনত্রিশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ১৯/০৭/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

চলমান পাতা-০২


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩২.২০২১. ৩২৩/৮(৩০)

তারিখ:

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব সেলিম আল-মামুন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, সরকারি ব্রজলাল কলেজ, খুলনা।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. জনাব সেলিম আল-মামুন (১৪৫৯৫), প্রভাষক (ইতিহাস), সরকারি ব্রজলাল কলেজ, খুলনা।



(চৌধুরী সামিয়া ইয়াসমীন)

উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫